

Success
12.5.2023



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং-০-৫(১৮)জাতীয় বিঃ/পরী/অনার্স পাট-৪/২০১৪/২০২১/২০২৩/৪০২৩

তারিখঃ ০৯/০৫/২০২৩

২০২১ সালের অনার্স চতুর্থ বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত সম্পূর্ণক বিজ্ঞপ্তি


সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, যে সকল শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফরম পূরণ যথাসময়ে সম্পন্ন করতে পারে নাই তাঁদের আবেদনের প্রেক্ষিতে ৩০০০/- (তিন হাজার) টাকা বিলম্ব ফি প্রদান সাপেক্ষে ফরম পূরণ ও জমাদান নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী বৃদ্ধি করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে ফরম পূরণে ব্যর্থ হলে পরবর্তীতে কোন অবস্থাতেই ফরম পূরণ ও নিশ্চয়ন করা যাবে না। উল্লেখ্য, সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ মহোদয়গণকে নির্ধারিত সময়ের পরে আবেদন অগ্রায়ণ না করার জন্য অনুরোধ করা হলো।

আবেদন ফরম, বিবরণী ফরম পূরণের শেষ তারিখ	নিশ্চয়ন/ডাটা এন্ট্রির শেষ তারিখ	সোনালী সেবার মাধ্যমে টাকা জমাদানের শুরু ও শেষ তারিখ	বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র সংরক্ষণ
১০/০৫/২০২৩ বুধবার থেকে ২৫/০৫/২০২৩ বৃহস্পতিবার পর্যন্ত	২৭/০৫/২০২৩ শনিবার থেকে ২৮/০৫/২০২৩ রবিবার রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত	২৯/০৫/২০২৩ সোমবার হতে ৩০/০৫/২০২৩ মঙ্গলবার	পরীক্ষার্থীদের অন-লাইনে এন্ট্রিকৃত বিবরণী ফরম, হিসাব বিবরণী ফরম এবং ইনকোর্স নম্বরের মূল কপি ও প্রিন্ট কপি বিষয়ওয়ারী আলাদাভাবে সিলগালা করে স্ব-স্ব কলেজ ফলাফল প্রকাশের তারিখ হতে ০৬ মাস সংরক্ষণ করবেন। (বিশ্ববিদ্যালয়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দেওয়ার প্রয়োজন নেই)

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

সুধুমাত্র ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) পরীক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের জন্য সর্বমোট ৫০০০/- (পাঁচ হাজার) টাকা বিশেষ ফি (এক বা একাধিক কোর্সের জন্য F গ্রেড প্রাপ্ত সমভাবে) প্রদান সাপেক্ষে আবেদন ফরম পূরণ করতে পারবেন। রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না।	২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ হলে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে অথবা ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে পরবর্তীতে কোন অবস্থাতেই পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আবেদন করতে পারবেন না।
--	---

বিঃ দ্রঃ আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমাদান, ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলী স্মারক নং- ০-৫(১৮)জাতীয়বিঃ/পরী/অনার্স পাট-৪/২০১৪/২০২১/২০২৩/৪০০৬, তারিখঃ ০৬/০২/২০২৩ এবং স্মারক নং- ০-৫(১৮)জাতীয়বিঃ/পরী/অনার্স পাট-৪/২০১৪/২০২১/২০২৩/৪০০৭, তারিখঃ ০৮/০২/২০২৩ এ ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক অপরিবর্তিত থাকবে।



(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।

ফোনঃ ০২-৯৯৬৬৯১৫১৭

ই-মেইলঃ controller@nu.ac.bd